গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪)**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবুল বাসার সিদ্দিক আকন<br>পরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ১১-০৯-২০২৪ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বিএমডির সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪) সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি কমিটির সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রমের ক্ষেত্র ০২ (দুই) টি, যথা : প্রাতিষ্ঠানিক কার্যক্রম এবং বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন। প্রাতিষ্ঠানিক কার্যক্রমের আওতায় ১.১ কার্যক্রমে ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের নির্দেশনা রয়েছে এবং ১.২ কার্যক্রমে ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ করতে বলা হয়েছে। তবে ১.২ কার্যক্রম অনুযায়ী বিএমডির আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় ১.৩ কার্যক্রম অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রক্রিয়া চলমান যা অতি দ্রুত ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড করা হবে। সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন সক্ষমতা উন্নয়নের কার্যক্রম ২.১ নং অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে ০৪ (চার) কোয়ার্টারে ০৪ (চার) টি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রথম কোয়ার্টারের সভাটি অদ্য ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে আয়োজন করা হয়েছে। ২.৩ নং সূচক অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় ২.৪ নং কার্যক্রম অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করা হবে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়নপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে।

২.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | কার্যক্রম | অগ্রগতি এবং সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | [১.১] ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন। | ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবাসাইটে আপলোড করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. | [১.৩] আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | বিএমডির আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় অতি দ্রুত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকারণ সভা আয়োজন করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন। | অদ্য ১১ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে প্রথম কোয়ার্টারের সভাটি আয়োজন করা হচ্ছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪. | [২.৪] আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | ২.৪.১ নং সূচেকর আওতায় আগামী ১২, সেপ্টেম্বর ২০২৪ তারিখে নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।

২৯-০৯-২০২৪
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)
+৮৮০২-২২২২২২৬১৯৪
director@bomd.gov.bd

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.২৪.৪৭২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। পরিচালক (খনি ও খনিজ) (রুটিন দায়িত্ব), পরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩। উপপরিচালক (খনি ও খনিজ), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪। সহকারী পরিচালক (ভূ-রসায়ন), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫। পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), (মহাপরিচালক/পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২৯-০৯-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)